

Kumudini Bulletin

May - August : 2025


বুসুদিনী বুলেটিন

(মে - আগষ্ট : ২০২৫)

একাত্তরের ৭ মে-র গণহত্যা কুমুদিনী ও মির্জাপুরবাসীর জন্য এক শোকাবহ দিন

Massacre of May 7 A Painful Day for Kumudini and Whole of Mirzapur







Shaheed Bhabani Prasad Shaha (Robi)

আমাদের স্বাধীনতা যুদ্ধ চলাকালে ১৯৭১ সালের ৭ মে-র এই কালো দিনটিতে দেশীয় দুর্বৃত্তদের সহযোগিতায় হানাদার বাহিনীর নেতৃত্বে নারায়ণগঞ্জস্থ কুমুদিনী কমপ্লেক্স থেকে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহা (রবি) চিরদিনের মতো অপহৃত হন। এই নৃশংস ঘটনার দিনে হানাদার-রা মির্জাপুর ও পাশ্ববর্তী এলাকার ৫৭ জন নিরীহ গ্রামবাসীকে হত্যা করে। শুধু তা-ই নয়, তাদের অত্যাচারে ঘরে ঘরে আগুন দেয়া, লুটপাট ও নির্যাতন কিছুই বাদ যায়নি। সেই ভয়াবহ ৭ মে-র শ্বরণে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে প্রতি বছরের মতো এবারও এক শ্বরণসভার আয়োজন করা হয়। এবারের অনুষ্ঠানটি আয়োজিত হয় আনন্দ নিকেতন মিলনায়তন।

ম্মরণসভায় চার পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয় এবং ৭ মে-র শহীদের আত্মার শান্তি কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়। অনুষ্ঠানে প্রার্থনা সঙ্গীত পরিবেশন করে কুমুদিনী নার্সিং কলেজের ছাত্রীরা। May 7, 1971. On this dark day under the leadership of the invading forces with collaborators, the founder of KWT philanthropist Ranada Prasad Shaha and his beloved son Bhabani Prasad Shaha were abducted forever from KWT's Narayanganj Complex. On this tragic day, the invaders killed at least 57 innocent villagers from Mirzapur and adjacent areas. At the same time, they carried out arson, looting and acts of oppression.

In memory of the tragic events of May 7, a commemorative meeting was held at KWT's Mirzapur Complex.





A meeting held at Ananda Niketan auditorium praying eternal peace for the departed souls of Shaheed Ranada Prasad Shaha, Shaheed Bhabani Prasad Shaha and all martyrs of Mirzapur.

শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা ও শহীদ ভবানী প্রসাদ সাহা—র শৃতির প্রতি সম্মান জানিয়ে বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও শ্রীমতী সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার সাহা, কুমুদিনী উইমেস মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসার ডা. এম এ হালিম, ভারতেশ্বরী হোম্সের অধ্যক্ষ ড. মন্দিরা চৌধুরী, কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ সিস্টার রিনা ম্যাগডেলিনা ক্রুশ, কুমুদিনী ডেন্টাল ইউনিটের সহযোগী অধ্যাপক ডা. রাজিউল হক এবং দানবীর রণদা প্রসাদ সাহা—র জীবনীকার হেনা সূলতানা।

শৃতি দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল হাসপাতালের রোগীদের মধ্যে বিশেষ খাবার পরিবেশন।

এই উপলক্ষে মির্জাপুর গ্রামে শহীদ আর পি সাহা–র পৈতৃক নিবাসে গ্রামের সর্বস্তরের মানুষের জন্য মধ্যাহ্ন ভোজের আয়োজন করা হয়। The programme was organized at Ananda Niketon auditorium. At the meeting recitations of verses from the four holy scriptures were made, and a one-minute silence was observed in honour of the martyrs of May 7. The students of Kumudini Nursing College rendered prayer songs.

Directors, Heads of different institutions of KWT spoke on the occasion of Memorial Day. The speakers were KWT's Directors Mrs Srimati Shaha, Ms Protiva Mutsuddi and others. The event was marked by sspecial meals to the patients of Kumudini Hospital and hosting a lunch for people of all walks of life in Mirzapur village.



Director KWT Mrs Srimati Shaha delivering her speech in honour of the martyrs of 7th May.



যশোমাধব দেব-এর বার্ষিক রথযাত্রা অনুষ্ঠানে স্বরাষ্ট্র উপদেষ্টা

কারুশিল্পের পৌর শহর ধামরাইয়ে প্রতি বছরের মতো এবারও অনুষ্ঠিত হয় শ্রীশ্রী যশোমাধব দেব-এর প্রায় চারশ' বছরের ঐতিহ্যবাহী বার্ষিক রথযাত্রা উৎসব।

আটদিন ব্যাপী এই উৎসবের সূচনা হয় ২৭ জুন এবং উল্টোরথ অনুষ্ঠানের মাধ্যমে উৎসবটি সমাপ্ত হয় ৫ জুলাই। মঙ্গল প্রদীপ জ্বালিয়ে এবং শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ২৭ জুন রথযাত্রার উদ্বোধন করেন অন্তর্বর্তী সরকারের মাননীয় স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধরী (অবঃ)।

অনুষ্ঠান উদ্বোধনের পূর্বে উপদেষ্টা উপছিত বিশাল সংখ্যক দর্শনার্থীর উদ্দেশ্যে রথযাত্রা উৎসব প্রসঙ্গে বলেন, 'ধামরাই'র এই রথযাত্রা অনুষ্ঠানটি বাংলা ১০৭৯ সাল থেকে অনুষ্ঠিত হয়ে আসছে। প্রায় চারশ' বছরের এই অনুষ্ঠানটি নিঃসন্দেহে আমাদের ঐতিহ্যের একটি উজ্জ্বল নিদর্শন। তিনি আরও বলেন, 'এই রথযাত্রা উপলক্ষে যে শিল্পমেলার আয়োজন চলে, তা এই অঞ্চলের গ্রামীণ অর্থনীতির সহায়ক।'

বাংলাদেশে ধর্মীয় সহাবস্থানের দৃষ্টান্ত তুলে ধরে ম্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, 'রথযাত্রা হিন্দু সম্প্রদায়ের একটি ধর্মীয় অনুষ্ঠান হলেও এ উপলক্ষে বিভিন্ন শ্রেণি-ধর্ম-বর্ণ-পেশার মানুষ শরিক হন। এটি এ ভূখণ্ডের মানুষের অসাম্প্রদায়িক মানসিকতা ও ঐত্যিহের প্রতিফলন।'

শ্রীশ্রী যশোমাধব মন্দির পরিচালনা কমিটির সভাপতি মেজর জেনারেল জীবন



Amidst the crowd of devotees the chariot of Yashomadhav is moving towards its destination.

কানাই দাস (অবঃ) এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সেনাবাহিনীর ৮১ ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল ইন্তেখাব হায়দার খান, ঢাকা জেলার পুলিশ সুপার আনিসুর রহমান, ধামরাই উপজেলা নির্বাহী অফিসার মো. মামুনুর হাসান অনীক, ধামরাই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনিরুল ইসলাম, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের কর্মকর্তাবৃন্দ ও মন্দির পরিচালনা কমিটির কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য, রথযাত্রা অনুষ্ঠানের সূচনার দিন সকালে প্রতি বছরের মতো ভারতেশ্বরী হোম্স ও কুমুদিনী নার্সিং কলেজের শিক্ষার্থীদের একটি দল যশোমাধব মন্দির প্রাঙ্গণে উপস্থিত হয়ে দীর্ঘ সময় ধরে ভক্তিমূলক গান পরিবেশন করে এবং এতে একটি ধর্মীয় আবেশ রচিত হয়।

ধামরাই'র রথযাত্রা অনুষ্ঠানটি কয়েকশ' বছরের ঐতিহ্য ও ভক্ত সমাগমের বিচারে দেশের মধ্যে শ্রেষ্ঠ রথযাত্রা উৎসব। জমিদার প্রথা বিলুপ্তির পর বাংলা ১৩৫০ সালে কুমুদিনী

ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা এই রথযাত্রা উৎসবের পৃষ্ঠপোষকতায় এগিয়ে আসেন। বর্তমানে তাঁরই উত্তরসূরী রাজীব প্রসাদ সাহা স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও যশোমাধব মন্দির কমিটির সহযোগিতায় সেই দায়িত গ্রহণ করেন। আজও তা অব্যাহত আছে।



At the Rath Yatra inaugural of Yashomadhav Dev, the Temple President presented a traditional Dhamrai handicraft to the Adviser Lt Gen Md Jahangir Alam Chowdhury (Retd).





Artists from Bharateswari Homes and Kumudini Nursing College, Mirzapur perform devotional songs at the temple.

কোইকা'র সহযোগিতায় মির্জাপুর উপজেলায় অ-সংক্রামক রোগ প্রতিরোধ কার্যক্রম শুরু বান্তবায়নে কুমুদিনী ও অন্য দু'টি প্রতিষ্ঠান

টাঙ্গাইলের মির্জাপুরে অ-সংক্রামক রোগ প্রতিরোধে তিন বছর মেয়াদী একটি কমিউনিটি ভিত্তিক কার্যক্রম শুরু হয়েছে।

কোরিয় আন্তর্জাতিক সহযোগিতা এজেন্সি (কোইকা) এর অর্থায়নে এই প্রকল্পটি যৌথভাবে বান্তবায়ন করবে কুমুদিনী হাসপাতাল, গ্লোবাল কেয়ার এবং পিএমসিআই।

এই প্রকল্পের আওতায় মির্জাপুর উপজেলার ১৪টি ইউনিয়নের প্রায় পাঁচ লক্ষাধিক মানুষের মধ্যে প্রাথমিকভাবে রক্তচাপ ও ডায়াবেটিক রোগ নিয়ে কাজ চলবে।

কার্যক্রমটি বাস্তবায়নে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে একটি অ-সংক্রামক রোগ প্রতিরোধ কর্নার থাকবে যার মাধ্যমে রোগীরা বিনামূল্যে ওষুধসহ অন্যান্য সেবা গ্রহণ করতে পারবেন।

৩০ জুন কুমুদিনী উইমেস মেডিকেল কলেজের বি পি পতি হলে এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্বাস্থ্য অধিদপ্তরের এনডিসি ইউনিটের মেডিসিন বিভাগের লাইন ডিরেক্টর প্রফেসর ডা. সৈয়দ জাকির হোসেন। আরও বক্তব্য রাখেন হসপিটাল সার্ভিসের লাইন ডিরেক্টর ডা. জয়নাল আবেদিন টিটু, কোইকা বাংলাদেশের উপপরিচালক সুজিন কং, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের অতিরিক্ত প্রকল্প পরিচালক ডা. মাহফুজুর রহমান ভূইয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য পরিবার কল্যাণ কর্মকর্তা ডা. ফরিদুল ইসলাম। প্রকল্পের কার্যক্রম বিস্তারিত তুলে ধরেন প্রকল্প ব্যবস্থাপক ডা. সেওন উং লিম। অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন কুমুদিনী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিম।

KOICA Funds NCD Prevention Programme in Mirzapur Upazila Kumudini and Two Other Institutes Implementing

A community-based three-year programme has started at Mirzapur upazila to prevent non-communicable diseases (NCD). Korea International Cooperation Agency (KOICA) is funding to implement the programme which is jointly being executed by Kumudini Hospital, Global Care and PMCI.

Under the project, programme will initially be carried out on non-communicable diseases such as hypertension and diabetes. Nearly half a million people in 14 unions of Mirzapur upazila will be benefited.

There will be a Non -communicable Diseases Prevention Corner at Upazila Health Complex from where patients will get medicines free of cost including other services.

The programme was officially inaugurated on 30 June at BP Pati Hall of Kumudini Women's College. Prof Dr Sayed Zakir Hossain, Line Director, Medicine Dept, NDC unit, Dte of Health spoke as chief guest in inaugural meeting. Line Director of Hospital Services Dr Joynal Abedin Titu, special guest Ms Sujin Kong, Dy Director, KOICA Bangladesh, Mr Mahavir Pati Director KWT and Addl Project Director of National Heart Foundation Dr Mahfuzur Rahman Bhuyan. Upazila Health and Family Welfare Officer Dr Faridul Islam were also present.

Project Manager Mr Seon Ung Lim elaborated on the Project activities in detail. Prof Dr M A Halim, Principal KWMC, gave the concluding speech.





Ms Sujin Kong, Deputy Director of KOICA Bangladesh, explaining the community-based NCD prevention Programme in Mirzapur.

দুই জন উপদেষ্টার মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন

মে মাসে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারের দু'জন উপদেষ্টা মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন করেন।

২৯ মে পরিদর্শন করেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ। তাঁকে সাদর অভ্যর্থনা জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা, রুদ্র প্রসাদ সাহা প্রমুখ। তিনি কমপ্লেক্সের সকল প্রতিষ্ঠান ঘুরে দেখেন। ভারতেশ্বরী হোম্সে পরিদর্শনে গেলে ক্কুলের মিউজিক ব্যান্ডের ছাত্রীদল তাঁকে অভিবাদন জানায়।

Two Advisors of Interim Govt Visited Kumudini Complex at Mirzapur In May two advisers of the Interim Government of the People's

In May two advisers of the Interim Government of the People's Republic of Bangladesh visited Kumudini Complex at Mirzapur. In May 29, the adviser of the Ministry of Planning Dr Wahiduddin Mahmud paid a visit. Upon arriving at the Complex he was warmly welcomed by Directors of KWT Mrs Srimati Shaha and Mr Rudra Prasad Shaha and others. The Advisor toured different institutions within the Complex. When visited Bharateswari Homes, the school's girl music band greeted him with salute.



Dr Wahiduddin Mahmud, Adviser, Ministry of Planning with the members of Pipe Band, Bharateswari Homes.





Dr Asif Nazrul, Adviser of Law, Justice & Parliamentary Affairs with the officials of Tangail Distrct Administration and Kumudini Welfare Trust.

পরিদর্শনকালে পরিকল্পনা উপদেষ্টা বলেন, ১৯৩৮ সাল থেকে কুমুদিনী নারীশিক্ষা, স্বাস্থ্যসেবা ও নারীদের উন্নয়নে অত্যন্ত সুনামের সাথে অবিরাম কাজ করে যাচ্ছে। তিনি ট্রাস্টের প্রতিষ্ঠাতা রণদা প্রসাদ সাহা-র অবদানের কথা শ্রদ্ধাভরে স্মরণ করে এই প্রতিষ্ঠানের সকল কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং এর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন।

৩১ মে পরিদর্শন করেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. আসিফ নজরুল। তিনি কমপ্লেক্সে কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, কুমুদিনী নার্সিং কলেজ, ভারতেশ্বরী হোম্স ও কেয়ারগিভার প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। তিনি শ্রদ্ধাভরে রণদা প্রসাদ সাহা-র অবদানের কথা শারণ করে ট্রাস্টের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তাঁর সফরসন্ধী হিসেবে ছিলেন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক (গ্রেড-১) সালেহ উদ্দিন মোজাফ্ফর, টাঙ্গাইল জেলা প্রশাসক শরীফা হক, মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসার এ বি এম আরিফুল ইসলাম ও সহাকারী কমিশনার (ভূমি) মাসুদুর রহমান।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উর্ধ্বতনদের মধ্যে ছিলেন ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা, মহাবীর পতি ও শম্পা সাহা, ব্যারিস্টার রেহান এবং কুমুদিনীর বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ।

উভয় উপদেষ্টা সফরকালে কুমুদিনীর যে-কোনো প্রয়োজনে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। ● During his visit, the adviser stated that since 1938 Kumudini has been continuously working with distinction in the field of women's education, health care, and overall development of women of the country. He respectfully recalled the contributions of the founder of KWT philanthropist Ranada Prasad Shaha. He highly praised all of Kumudini's activities and wished for their continued prosperity in the years to come.

On May 31, Dr Asif Nazrul, Adviser of the Ministry of Law, Justice and Parliamentary Affairs and the Ministry of Expatriates Welfare and Overseas Employment paid a visit. Dr Nazrul respectfully recalled Rai Bahadur R P Shaha's contributions to the country and praised the welfare activities of the Trust.

Accompanying him were Mr Saleh Uddin Mozaffar, DG (Grade-1) of Manpower, Employment and Training; Ms Sharifa Haque, DC Tangail; Mr A B M Ariful Islam, UNO Mirzapur and Mr Masudur Rahman, AC (land) Mirzapur.

During Dr Asif's visit KWT was represented by Directors Mrs Srimati Shaha, Mr Mahavir Pati and Mrs Shampa Shaha, Barrister Rehan along with Kumudini's senor officials.

During their visits the Advisers assured full support in any need of Kumudini.



কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ ২০২৪-২০২৫ সেশনের এমবিবিএস ও বিডিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান

Kumudini Women's Medical College Orientation of MBBS and BDS Students for session: 2024-2025



Mr Mahavir Pati, Director KWT, presenting documents related to college rules and regulations etc. to a newly admitted MBBS student.

সম্প্রতি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ২০২৪-২০২৫ সেশনের নবীন এমবিবিএস ও বিডিএস কোর্সের ১ম বর্ষের শিক্ষার্থীদের পরিচিতি অনুষ্ঠান সম্পন্ন হয়।

এমবিবিএস কোর্সের শিক্ষার্থীদের পরিচিতি অনুষ্ঠানটি ১৭ জুন এবং বিডিএস কোর্সের শিক্ষার্থীদের পরিচিতি অনুষ্ঠিত হয় ২৪ জুলাই।

কুমুদিনী উইমেপ মেডিকেল কলেজে অনুষ্ঠিত প্রথম দিনের অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি এবং দ্বিতীয় দিনের অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা।

উভয় দিনের পরিচিতি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজ অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আবদুল হালিম। অনুষ্ঠান দু'টিতে বিশেষ অতিথি হিসেবে উপন্থিত ছিলেন ডা. প্রদীপ কুমার রায়, অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, অধ্যাপক ডা. রঞ্জন কুমার নাথ, অধ্যাপক ডা. মোহাম্মদ মেজবাহউদ্দিন, অধ্যাপক ডা. জালাল উদ্দিন মাহমুদ, অধ্যাপক ডা. দিলরোজ হোসাইন, অধ্যাপক ডা. মো. ফজলুল করিম, অধ্যাপক ডা. মোহাম্মদ আশারাফউদ্দিন, সহযোগী অধ্যাপক ডা. জায়া দেবনাথ, সহকারী অধ্যাপক ডা. মারুফা হক, সহযোগী অধ্যাপক ডা. মো. রাজিউল হক, সহকারী অধ্যাপক ডা. মাহফুজুর রহমান প্রমুখ।

উভয় অনুষ্ঠানের শুরুতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা-র জীবনভিত্তিক প্রামাণ্য ভিডিও চিত্র প্রদর্শন করা হয় এবং কলেজের ছাত্রীরা চার পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করে শুনান।

শিক্ষক ও অতিথিবৃন্দ নবাগত ছাত্রীদের ফুল দিয়ে বরণ করে নেন।
প্রথম দিনের পরিচিতি অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ
অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক এবং দ্বিতীয় দিনের অনুষ্ঠানে স্বাগত বক্তব্য
রাখেন ডেন্টাল ইউনিটের সহযোগী অধ্যাপক ডা. মো. রাজিউল হক।
এমবিবিএস কোর্সের ছাত্রীদের শপথ গ্রহণ করান অধ্যাপক ডা. মোহাম্মদ
মেজবাহউদ্দিন এবং বিডিএস কোর্সের ছাত্রীদের শপথ গ্রহণ করান ডেন্টাল
ইউনিট প্রধান অধ্যাপক ডা. জালাল উদ্দিন মাহমুদ।

Recently the orientation programme for the 1st year students of the MBBS and BDS courses of Kumudini Women's Medical College (KWMC) for the session:2024-2025 was held at the college.

For the MBBS course the programme took place on June 17, while that of the BDS course was held on July 24.

In the first event the chief guest was Mr Mahavir Pati, Director KWT and on the second programme the chief guest was Mrs Srimati Shaha, Director of KWT. Both day's programme were presided over by Principal of KWMC Prof Dr M A Halim.

Special guests among others were Dr P K Roy, Prof Dr Niranjan Chandra Basak, Prof Dr Ranjan Kumer Nath, Prof Dr Mesbahuddin, Prof Dr Jalal Uddin Mahmud, Prof Dr Dilrose Hussain, Prof Dr Md Fazlul Karim, Prof Dr Md Ashrafuddin, Associate Prof Dr Joya Debnath, Asst Prof Dr Marufa Haque, Associate Prof Dr Raziul Haque and Asst Prof Dr Mahfuzur Rahman.

At the beginning of the programmes on both days, a documentary video on the life of KWT's founder philanthropist R P Shaha was shown. Students recited verses from the four holy scriptures. Teachers and guests welcomed the new students with flowers.

On the first day, the welcome speech was delivered by Vice Principal Prof Dr Niranjan Chandra Basak and on the second day the same was delivered by Associate Professor of the Dental Unit Dr Md Raziul Haque.

Prof Dr Mohammad Mezbahuddin administered the oath to the students of MBBS course, while Prof Dr Jalal Uddin Mahmud, Head of Dental Unit, administered the oath to the students of BDS course.



অনুষ্ঠানের প্রধান অতিথি, সভাপতি ছাড়াও বিশেষ অতিথি, নবাগত শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণ বক্তৃতা করেন। দ্বিতীয় দিনের প্রধান অতিথি শ্রীমতী সাহা শারীরিক অসুস্থতার জন্য উপস্থিত থাকতে পারেননি বিধায় ভিডিও লিংকের মাধ্যমে তিনি বক্তব্য প্রদান করেন।

জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়।

Apart from the chief guests and the president, several others including special guests, new students and some of their guardians delivered speeches. On the second day, the chief guest Mrs Srimati Shaha could not attend in person due to illness. She delivered her speech through video link.

National anthem was performed on both occasions at the end. •



Group photo of new Bangladeshi and foreign MBBS students.



BDS students performing songs at the orientation programme.

কুমুদিনী হাসপাতালে ডায়েলাইসিস ইউনিটের অর্ধযুগ পূর্তি

একটি ব্যয়বহুল চিকিৎসা ডায়েলাইসিস যা বার বার করাতে হয়। কিডনির কর্মক্ষমতা হ্রাস পেলে মানুষের দেহের রক্ত পরিশোধনে সমস্যা দেখা দেয়। তখন কৃত্রিম উপায়ে রক্ত পরিশোধনের ব্যবস্থা করতে হয়। মেশিনের সাহায্যে রক্ত পরিশোধনের এই কাজটি করা হয়।

কুমুদিনী হাসপাতালে ২০১৮ সালের পহেলা জানুয়ারি থেকে ডায়েলাইসিসের কার্যক্রম চলছে। সেজন্য হাসপাতালটিতে ছাপিত হয় একটি ডায়েলাইসিস ইউনিট। প্রাথমিকভাবে এখানে তিনটি মেশিন দিয়ে অর্থাৎ তিন শয্যা বিশিষ্ট ডায়েলাইসিস ইউনিট চালু হয়েছিল। কিডনি রোগির আধিক্যের কারণে তাদের অধিক হারে সেবা দেয়ার জন্য এখানে আরও মেশিন সংযোজিত হয়। বর্তমানে মেশিনের সংখ্যা ৭। একটি মেশিন হেপাটাইটিস 'সি' ভাইরাস রোগিদের জন্য

Dialysis Unit of Kumudini Hospital has Completed Half a Decade

Dialysis - a costly treatment which has to be done repeatedly. This service has been running since January 1, 2018 at Kumudini Hospital. Initially the Dialysis Unit was launched here with three machines only i.e. a 3-bed Dialysis Unit. Subsequently, due to the increasing number of kidney patients, more machines were added here. Currently this number is seven. Among them one machine is designated



নির্ধারিত। বাকি ৬টি মেশিনে হেপাটাইটিস মুক্ত কিডনি রোগিদের ডায়েলাইসিস চলে। প্রতি রোগি সপ্তাহে ১ বা ২ বার সেবা নেন। রোগিদের আনুষঙ্গিক পরীক্ষাদি ও ওষুধপত্র স্বল্পমূল্যে জোগান দেয়া হয়। ঐতিহ্যগতভাবে কুমুদিনী হাসপাতালটি একটি জনসেবামূলক প্রতিষ্ঠান। সেই ধারাবাহিকতায় এই হাসপাতালে যাবতীয় চিকিৎসাসেবা অদ্যাবধি সাশ্রুয়ী মূল্য প্রদান করা হয়। অন্যান্য হাসপাতালে প্রতি রোগিকে একবার ডায়েলাইসিসের জন্য খরচ করতে সর্বোচ্চ ৪-৫ হাজার টাকা। সেখানে কুমুদিনী হাসপাতালে বর্তমানে অনুরূপ চিকিৎসায় খরচ পড়ে ২ হাজার ৭শ' টাকা। সেবার মান ও খরচ বিবেচনায় কুমুদিনী হাসপাতালের ডায়েলাইসিস ইউনিটটি অত্যন্ত জনপ্রিয়তা অর্জন করেছে। এই কারণে রোগিদের পরিবার এখানে চিকিৎসা করিয়ে রোগিদের পরিবার অনেকটা স্বন্ধিবোধ করেন।

এখানে দৈনিক ১৪-১৬টি ডায়েলাইসিস করা হয়। ইউনিটটি ২৪ ঘন্টা চালু থাকে। গত মে-আগস্ট পর্যন্ত গত চার মাসে সেবা গ্রহণকারী রোগির সংখ্যা হলো ঃ মে ৩১৪, জুন ২৯৪, জুলাই ৩৬২ এবং আগস্ট ৩৬১। ● for patients with Hepatitis 'C' virus, while the remaining six are used for dialysis of Hepatitis-free patients. Each patient receives treatment once or twice a week. Treatments and medications are provided to the patients at a nominal cost.

Each time this treatment costs around Tk.2,700/- here. Considering the quality of service and expenses, the Dialysis Unit has gained remarkable popularity.

Here,14-16 dialysis treatments are conducted daily. The Unit operates 24 hours a day. •





Renal patients undergoing Dialysis at Kumudini Hospital



কুমুদিনী নার্সিং কলেজ শিরাবরণ অনুষ্ঠান

২২ মে সন্ধ্যায় ভারতেশ্বরী হোম্সের পিপিএম হলে কুমুদিনী নার্সিং কলেজের শিরাবরণ অনুষ্ঠান উদ্যাপিত হয়।

অনুষ্ঠানটি শুরু হয় কলেজের অধ্যক্ষ সিস্টার রিনা ম্যাগডেলিনা ক্রুশের শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে।

শিরাবরণ অনুষ্ঠানটি নার্সিং শিক্ষার্থীদের পেশাদার জীবনের সূচনা হিসেবে গণ্য হয়। এটি তাদের দায়িত্ব, সেবা ও মানবিকতার প্রতীক হিসেবে বিবেচিত হয়। অনুষ্ঠানে তাদের মাথায় ক্যাপ পরিয়ে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি এবং ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। তিনি নার্সিং শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনুপ্রেরণামূলক বক্তব্য দেন। তিনি বক্তৃতাকালে কুমুদিনীর প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা-র আদর্শের অনুসারী হয়ে মানবসেবায় তাদের আত্যনিয়োগের জন্য উপদেশ দেন।

শিক্ষার্থীদের আধুনিক নার্সিংয়ের প্রতিষ্ঠাতা ফ্লোরেন্স নাইটিন্সেলের শপথবাক্য পাঠ করান কলেজের উপাধ্যক্ষ সিস্টার শেফালী সরকার।

শপথবাক্য পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা রোগীদের সেবায় নিঃস্বার্থভাবে আত্মনিবেদিত হতে প্রতিজ্ঞাবদ্ধ হয়।

অনুষ্ঠানে "আমি এক সেবিকা, সেবাই তো আমার ধর্ম, রুগ্ন মানুষের সেবাই তো আমার কর্ম" এই মন্ত্রে উজ্জীবিত হয়ে শিক্ষার্থীগণ একসঙ্গে গান করে। তাদের পরিবেশিত নাচ-গান শিরাবরণ অনুষ্ঠানকে আনন্দময় করে তোলে।

Kumudini Nursing College (KNC) Capping Ceremony

The capping ceremony of KNC students was held on 22 May at the PPM Hall of Bharateswari Homes. The event began with the welcome address by Sister Rina Magdelina Cruz, the Principal of KNC.

The capping ceremony is regarded as the commencement of the nursing students' professional careers. It is considered a symbol of their duty, service and humanity. The students were capped by the chief guest Mrs Srimati Shaha, Director KWT. She then delivered an inspirational speech to the students. She advised the students to dedicate themselves to humanitarian services following the ideals of philanthropist Ranada Prasad Shaha, the founder of KWT.

Sister Shefali Sarker, Vice Principal of KNC administered the oath of Florence Nightingale, the founder of modern nursing, to the students.

Finally, the students performed music and dances adding a joyful touch to the ceremony.



Nursing students qualified for hospital duty participated at the ceremony.



আন্তর্জাতিক নার্সেস ডে

আধুনিক নার্সিংয়ের প্রতিষ্ঠাতা ফ্লোরেন্স নাইটিন্সেলের জন্মবার্ষিকী শ্মরণে প্রতি বছর সারা বিশ্বে ১২ মে দিনটি 'নার্সেস ডে' হিসেবে পালিত হয়। কুমুদিনী নার্সিং কলেজের পক্ষ থেকে আনন্দ উদ্দীপনার মধ্য দিয়ে এই তারিখে নাইটিন্সেলের এই শুভ জন্মদিনটি পালিত হয়।

দিবসের কর্মসূচির মধ্যে ছিল সকাল ৬ টায় নার্স বোনদের প্রভাতফেরি। তারা মোমবাতি প্রজ্বলনসহ গান গেয়ে গেয়ে কুমুদিনী কমপ্লেক্স প্রদক্ষিণ করেন। প্রভাতফেরি শেষে কুমুদিনী হাসপাতালের সবাই একত্রিত হয়ে ফ্লোরেন্স নাইটিঙ্গেলের শপথবাক্য পাঠ করেন। তারা কঠে কণ্ঠ মিলিয়ে 'আমি এক সেবিকা, সেবাই তো আমার ধর্ম' এই গানটি পরিবেশন করেন। সকাল ন'টায় কমপ্লেক্সের আনন্দ নিকেতনে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ একটি সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠান শেষে কেক কাটার মধ্য দিয়ে সম্পন্ন হয় নাইটিঙ্গেলের শুভ জন্মদিনের শ্মারক 'আন্তর্জাতিক নার্সেস ডে' উদ্যাপন।



A rally on the occasion of International Nurses Day.

কুমুদিনী ফার্মার নতুন ওষুধ

সম্প্রতি কুমুদিনী ফার্মা (কেপিএল) নিজেদের উৎপাদিত কয়েকটি নতুন ওষুধ বাজারজাত করেছে। ওষুধগুলো হলো রিলান্টা ম্যাক্স (Relanta Max), ওশেল-ডি (Oshel-D) এবং ওশেল-ডিএক্স (Oshel-DX)।

রিলান্টা ম্যাক্স (Relanta Max) : এটি একটি মুখে সেব্য সাসপেনশন। ওষুধটি গ্যাস্ট্রিক রিফ্লাক্স, বুকজ্বালা, পেট ফাঁপা (ফ্লাটুলেন্স) জনিত গ্যাস্ট্রিক রিফ্লাক্স, গর্ভাবস্থায় বুকজ্বালা ইত্যাদি ক্ষেত্রে ব্যবহৃত হয়।

ওশেল-ডি (Oshel-D): এটি একটি ফিল্য-কোটেড ট্যাবলেট। ট্যাবলেটটি ভিটামিন ডি-৩ এর সমন্বয়ে তৈরি একটি ওষুধ। হাড়ের ক্ষয় (অস্টিওপোরেসিস), দুর্বল হাড়, রিকেটস, প্যারাথাইরয়েড গ্রন্থির ক্রিয়াকলাপ হ্রাস ইত্যাদি চিকিৎসায় ব্যবহৃত হয়।

ওশেল-ডিএক্স (Oshel-DX) : এটিও একটি ফিল্ম-কোটেড ট্যাবলেট। প্রতিটি ট্যাবলেটে ওশেল-ডি এর অনুরূপ উপাদান রয়েছে তবে ভিন্ন মাত্রায় এটিও একই রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়।

বিঃ দ্রঃ: সকল প্রকার ওষুধ চিকিৎসকের পরামর্শে ব্যবহার যোগ্য।

Oshel-D Calcium 500mg (eggshell source) + Vitamin Da 2001U tablet Oshel-D Vitamin Da 4001U tablet Oshel-D Os

New Drug Marketed by KPL

Recently Kumudini Pharma Ltd (KPL) marketed its two new products - Relanta Max and

Oshel - D/ Oshel - DX.

Relanta Max: An oral suspension. Doctors prescribe this in case patients suffer from gastric reflux, heartburn, flatulence associated with gastric influx, heartburn of pregnancy etc.

Oshel-D/ Oshel-DX: Both these medicines are found in the form of film-coated tablet. They are prescribed for treatment of Bone loss (Osteoporosis), weak bones, rickets, decreased activity of the parathyroid gland etc. Composition of both these tablets are same but with different ratios.

NB: Drugs are to be administered always at the doctors' advices.







Buddha Purnima celebration at PPM Hall, Bharateswari Homes.

R. P. Shaha University (RPSU)

৭ মে উপলক্ষে স্মর্ণসভা

শহীদ দানবীর আর পি সাহা ও তাঁর পুত্র শহীদ ভবানী প্রসাদ সাহা-র ৫৫তম অপহরণ দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে এক স্মরণসভার আয়োজন করা হয়। সভার শুরুতে শহীদদের আত্মার শান্তি কামনায় এক মিনিট নিরবতা পালিত হয়।

সভায় শহীদ আর পি সাহা-র বৈচিত্র্যময় জীবন ও দানশীলতা, স্বাস্থ্যসেবা, নারীশিক্ষা এবং মানবসেবা সম্পর্কে আলোকপাত করে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়। তিনি তাঁর বক্তব্যে পিতার পথ অনুসরণ করে পুত্র শহীদ ভবানী প্রসাদ সাহা-র মানবিক চিন্তা-চেতনার কথা উল্লেখ করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. রবীন্দ্রনাথ শীল, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, রেজিস্ট্রার, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

Memorial Meeting on the Occasion of May 7

On the occasion of the 55th Abduction Day of Rai Bahadur R P Shaha and his beloved son Bhabani Prasad Shaha, a memorial meeting was organized at the University. Praying for the peace of the martyrs one-minute silence was observed at the beginning.

VC Prof Dr Manindra Kumar Roy spoke about the diverse life of Shaheed Ranada Prasad Shaha - his generosity, contributions to healthcare, women's educations and humanitarian services. Prof Roy also recalled the humanitarian ideals of his son Shaheed Bhabani Prasad Shaha who followed his father's footsteps.

Treasurer Prof Dr Rabindranath Shil, Deans of Faculties, Registrar, teachers and students were present in the meeting.



VC Prof Dr Manindra Kumar Roy speaking on the occasion of Abduction Day on May 7.



আরপিএসইউ-র যুগপূর্তি উদ্যাপন

৭ জুলাই ২০১৩ সালে প্রতিষ্ঠিত নারায়ণগঞ্জের একমাত্র এই বিশ্ববিদ্যালয়টির ১২ বছর অর্থাৎ এক যুগ পূর্তি হয়। এই উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন, পায়রা উড়ানো, বর্ণাঢ্য আনন্দ র্য়ালি, আলোচনা সভা। আলোচনা সভায় উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায় ছাড়াও বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ বক্তৃতা করেন।

সভায় বক্তাগণ দানবীর রণদা প্রসাদ সাহা-র স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন ও তাঁর মানবসেবার আদর্শকে সামনে রেখে বিশ্ববিদ্যালয়টিকে একটি মানবিক, দক্ষ ও আলোকিত বাংলাদেশ গঠনের প্রত্যয়ে এগিয়ে নেয়ার বিষয়ে আলোকপাত করেন।

Celebrating 12th Anniversary of RPSU

Established on July 7, 2013 RPSU the only university in Narayanganj has completed a journey of 12 years. On this occasion, series of programmes were organized in the campus. The programmes included hoisting of national flag, releasing of pigeons, a joyful rally and discussion session. VC, Deans of Faculties, Registrar, Heads of Depts, Teachers and Students, staff members and distinguished local personalities spoke on the occasion.

Speakers paid tributes to the memory of the martyrs and highlighted their humanitarian services during their life. Speakers emphasized the University's commitment to building a compassionate, skilled, prosperous and enlightened Bangladesh.



On the founding day of RPSU students, teachers and employees brought out a rally on the Campus.

রবীন্দ্র-নজরুল জয়ন্তী উদ্যাপন

২ জুন বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত উৎসাহ উদ্দীপনায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী পালিত হয়।

এই উপলক্ষে বৃষ্টিমুখর সকালে গানের আবহে অনুষ্ঠিত হয় এক বিশেষ সম্মাননা অনুষ্ঠান। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের প্রধান এবং জাতীয় পুরন্ধার প্রাপ্ত সঙ্গীত শিল্পী ড. প্রিয়াংকা গোপকে সম্মাননা দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাঁকে একটি সম্মাননাপত্র ও শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়।

অনুষ্ঠানে ড. প্রিয়াংকা বলেন, রবীন্দ্রনাথ ও নজরুল আমাদের চেতনার দুই বাতিঘর। তাঁদের সৃষ্টি আমাদের আত্মার শক্তি ও সংস্কৃতির পথ প্রদর্শক। তিনি বলেন, এই সম্মাননা শুধু আমার জন্য নয় বরং সকল সঙ্গীতকর্মীর জন্য এক সম্মানের প্রতীক।

অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে শ্রোতাদের মুগ্ধ করে প্রিয়াংকা গোপের সুরেলা কণ্ঠে পরিবেশিত হয় রবীন্দ্রসঙ্গীত ও নজরুলগীতি।

সহযোগী অধ্যাপক তানজিল হাসনাইন মঈন রনীতের পরিচালনায় অনুষ্ঠানটি ছিল সুশৃঙ্খল ও উপভোগ্য। ●

Rabindra-Nazrul Jayanti Celebrated

The birth anniversary of Poet Rabindranath Tagore and National Poet Kazi Nazrul Islam was celebrated with great enthusiasm at the University on June 2. Along with this event, a special programme was arranged to honour a distinguished vocal artist of the country. The Head of the Music Dept of Dhaka University and National Awardwinning music artist Dr Priyanka Gope was honoured. The University presented her with a certificate of honour and a memento of goodwill.

Upon receiving the honour Dr Priyanka said, Rabindranath and Nazrul are the two lighthouses of our consciousness. She said, this honour is not just for me but a symbol of respect for fellow music artists of the country.

During the cultural segment of the event the audience was enthralled by Tagore and Nazrul songs performed in Priyanka Gope's melodious voice.

Directed by Associate Prof Tanzil Hasnain Moyeen Ranit, the programme was well- organized and enjoyable.



Dr Priyanka Gope is being felicitated at the Rabindra-Nazrul Jayanti celebration.





আরপিএসইউ ও মেডিনোভা-র মধ্যে

সমঝোতা চুক্তি স্বাক্ষরিত

৭ জুলাই আর পি সাহা বিশ্ববিদ্যালয় এবং মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিমিটেড-এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায় বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীরা দেশে মেডিনোভার যে কোনো শাখায় সকল ধরণের স্বাস্থ্য পরীক্ষায় বিশেষ মূল্য ছাড়ের সুবিধা পাবেন।

চুক্তি অনুযায়ী মেডিনোভার পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক–শিক্ষার্থী– কর্মকর্তাদের প্রত্যেককে একটি করে ডিসকাউন্ট কার্ড দেয়া হবে যার মাধ্যমে তারা এই সুবিধা নিতে পারবেন।

চুক্তিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায় এবং মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিমিটেড-এর পক্ষে প্রতিষ্ঠানটির জেনারেল ম্যানেজার হেমায়েত হোসেন হিমেল।

MoU Signed Between RPSU and Medinova

The MoU was signed on July 7. Under this agreement all teachers, students and officers of the University will be entitled to special discounts on all types of physical check-up at any branch of Medinova Medical Services Ltd in the country.

Medinova will provide each teacher, student and officer of the University with a Discount Card showing which they will be able get this benefit.

The agreement was signed by VC Prof Dr Manindra Kumar Roy and Mr Hemayet Hossain Himel on behalf of their respective organizations. •



Representatives of RPSU and Medinova at the MoU signing ceremony.

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রশিক্ষণ কর্মসূচি

১৩ আগস্ট বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহযোগিতায় দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক–শিক্ষার্থী ও কর্মীদের জরুরি পরিস্থিতি মোকাবেলা ও ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিত করতে এই বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়।

প্রশিক্ষণের মূল বিষয়বস্তু ছিল- অগ্নি নিরাপত্তা, আগুনের শ্রেণিবিভাগ, জ্বালানি ও দহন প্রক্রিয়া, অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবহার, হাতে-কলমে আগুন নেভানোর কৌশল ইত্যাদি।

প্রশিক্ষণ কার্য পরিচালনা করেন নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার মো. শাহজাহান। বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাগণ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

Civil Defense Training Programme

A day-long special training programme was held on August 13 at the University premises with the cooperation of Narayanganj Fire Service and Civil Defense. Students, teachers and staff of the University participated.

The programme was organized to equip the teachers, students and staff members with the skills to handle emergency situations and ensure safety in the campus. Subject of the programme included Fire Safety, Classification of Fire, Fuel and Combustion Process, Use of Fire Extinguishers, Practical Techniques for Extinguishing Fire etc.

The training programme was conducted by Mr Md Shajahan, Senior Station Officer, Narayanganj Fire Service.



A student is being trained at the Fire Service and Civil Defense Training programme.





Meher Nigar Mithila won two out of five awards for her outstanding performances at the NILS-LEB NMLA 2025 competing against representatives of 52 universities across the nation. Justice AKM Asaduzzaman, Appellate Division, Bangladesh Supreme Court presented the awards.



"Campus to Corporate: Navigating Your Path to a Multinational Career" - a seminar focusing on essential skills for career success held on May 18, 2025 at RPSU. This was organized by School of Business of the University.



Industrial visit of a delegation from Dept of Business Administration to Soteks Label Technologies Ltd on May 6, 2025. Prof Dr Gopal Chandra Saha, Dean, School of Business supervised.



A group of 25 students and faculties from Pharmacy Dept visited the Directorate General of Drug Administration in Dhaka on July 24, 2025. The visit aimed at understanding of national drug regulation, quality control and pharmaceutical safety.



Students of 22 and 23 Batches of Law and Human Rights Dept attended a motivational seminar on government legal aid activities held at Narayanganj on June 24, 2025.



The green campus of RPSU became vibrant with arrival of the students for the Fall-2025 semester.



কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান

Kumudini Hospital Treatment Statistics

May-August: 2025

	মে-আগস্ট : ২	२०२७	,	
টিকাদান কর্মসূচি				
रिक्तिन स्वन्तुर	মে	জুন	জুলাই	আগস্ট
পোলিও	৬০৭	২৭০	৬৯৪	১১২৬
ਹੀ ਹੈ ਹੈ	366	১৬২	280	\$98
বিসিজি	۶۶۶	২৩৭	১৮৯	২৩৫
রুবেলা	৩৮৭	೨೨೦	৩৬৬	৩০৭
প্যান্টাভ্যালেন্ট	৫৫২	80	909	৩৩৯
পিসিভি	৫৫২	82	৬৬৮	১৫৯
এফআইপিভি	৩৭০	b-8	৫৬৮	৩৬১
হাসপাতালে ভর্তিকৃত রোগী				
ভর্তি	মে	জুন	জুলাই	আগস্ট
	8২৯৮	8২৫০	৪৯২৯	৪৯৯৭
বহির্বিভাগে মোট রোগী				
	মে	জুন	জুলাই	আগস্ট
which the tree	88৩৯০	৪৪২৭৬	৫৭৬৪৬	৫৫২১৪
হাসপাতালে মৃত্যু	AT	78-7		আগস্ট
	মে	জুন	জুলাই	
অন্ত্রোপচার (সার্জারি)	১০৯	৯৮	১২৮	208
অঞ্জোপচার (সাজারি)	⊘ T	Total .	Town S	আগস্ট
CNICA	মে	জুন	জুলাই	
মেজর	>>@	200	320	১৩৬
সেমি মেজর	28	২৬	98	29
মাইনর	৫২৩	৫১৬	868	৫০৬
অর্থোপেডিক্স	-			-
Oliga	মে	<u>জুন</u>	জুলাই	আগস্ট
মেজর	৭৩	৮৭	৭৯	95
সেমি মেজর	86	80	<i>(</i> 29	8b
মাইনর	(°00	879	৩৯৩	৩৮৭
ঠোঁট কাটা , তালু কাটা				আগস্ট
মেজর	মে	জুন	জুলাই	- " "
	১২	0	77	٩
নাক, কান, গলা	মে	TOWNER	remit &	আগস্ট
		জুন	জুলাই	
মেজর	৫৬	৫২	83	93
মাইনর	৬৭	৩৯	৩২	৩৯
গাইনি				
	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	45	8&	৬৫	৬8
সেমি মেজর	2	৫৬	83	৫২
মাইনর	৭৩	0	0	2
অবস্টেট্রিক্স				
	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	২৫০	২২৮	২৪৬	২৬৫
<u>শ্বাভাবিক</u>	১০৬	777	১২০	১৭৩
চক্ষু				
	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	১৬৮	১৬৬	৩২৩	২৮৯
অন্যান্য	\$8	২৩	২৬	২৫
দন্ত				
OTTO:	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	৭৬	৬৪	৮২	৬৫
সেমি মেজর	200	\$8¢	১৬৬	258
মাইনর	২৬	৩৭	೨೦	২৬
মাইনর অপারেশন			-	-
	মে	জুন	জুলাই	আগস্ট
বহির্বিভাগ	৬২৮	৬৯৫	po@	900
	মে	জুন	জুলাই	আগস্ট
আই সি ইউ		৩৬	<i>(</i> የ৮	৫৬
	80			
G 3 190 200	মে	জুন	জুলাই	আগস্ট
কিডনী ডায়ালাইসিস	মে ৩১৪	জুন ২৯৪	৩৬২	৩৬১
কিডনী ডায়ালাইসিস এন আই সি ইউ	মে ৩১৪ মে	জুন ২৯৪ জুন	৩৬২ জুলাই	৩৬১ আগস্ট
এন আই সি ইউ	মে ৩১৪	জুন ২৯৪	৩৬২	৩৬১
এন আই সি ইউ চক্ষু শিবির	মে ৩১৪ মে ২১২	জুন ২৯৪ জুন ১৯২	৩৬২ জুলাই ২২৪	৩৬১ আগস্ট ২০৭
এন আই সি ইউ চক্ষু শিবির ঠিকানা	মে ৩১৪ মে ২১২ মাস/তারিখ	জুন ২৯৪ জুন ১৯২ পুরুষ	৩৬২ জুলাই ২২৪	৩৬১ আগস্ট ২০৭ মোট
এন আই সি ইউ চক্ষু শিবির ঠিকানা ফুলবাড়িয়া , ময়মনসিংহ	মে ৩১৪ মে ২১২ মাস/তারিখ ৭/৫/২০২৫	জুন ২৯৪ জুন ১৯২ পুরুষ ৬০	৩৬২ জুলাই ২২৪ মহিলা ৪০	৩৬১ আগস্ট ২০৭ মোট ১০০
এন আই সি ইউ চক্ষু শিবির ঠিকানা ফুলাবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল	মে ৩১৪ মে ২১২ মাস/ভারিখ ৭/৫/২০২৫ ১৫/৫/২০২৫	জুন ২৯৪ জুন ১৯২ পুরুষ ৬০ ৩৭	৩৬২ জুলাই ২২৪ মহিলা ৪০ ৪৩	৩৬১ আগস্ট ২০৭ মোট ১০০ ৮০
এন আই সি ইউ চক্ষু শিবির ঠিকানা ফুলবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল ফুলবাড়িয়া, ময়মনসিংহ	মে ৩১৪ মে ২১২ মাস/ভারিখ ৭/৫/২০২৫ ১৫/৫/২০২৫ ১০/৬/২০২৫	জুন ২৯৪ জুন ১৯২ পুরুষ ৬০ ৩৭	৩৬২ জুলাই ২২৪ মহিলা ৪০ ৪৩ ৪৩	৩৬১ আগস্ট ২০৭ মোট ১০০ ৮০
এন আই সি ইউ চক্ষু শিবির ঠিকানা ফুলবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল ফুলবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল	মে ৩১৪ মে ২১২ মাস/ভারিখ ৭/৫/২০২৫ ১৫/৫/২০২৫ ১০/৬/২০২৫ ১৫/৬/২০২৫	জুন ২৯৪ জুন ১৯২ পুরুষ ৬০ ৩৭ ৮	৩৬২ জুলাই ২২৪ মহিলা ৪০ ৪৩ ৪৬ ৪৮৬	৩৬১ আগস্ট ২০৭ মোট ১০০ ৮০ ১২ ১৫০
এন আই সি ইউ চক্ষু শিবির ঠিকানা ফুলবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল ফুলবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল ফুলবাড়িয়া, ময়মনসিংহ	মে ৩১৪ মাস/ভারিখ ৭/৫/২০২৫ ১৫/৫/২০২৫ ১৫/৬/২০২৫ ৭/৭/২০২৫	জুন ২৯৪ জুন ১৯২ পুরুষ ৬০ ৩৭ ৮	৩৬২ জুলাই ২২৪ মহিলা ৪০ ৪৩ ৪৩ ৪৬ ৮৬	৩৬১ আগস্ট ২০৭ মোট ১০০ ৮০ ১২ ১৫০ ২০২
এন আই সি ইউ চক্ষু শিবির ঠিকানা ফুলবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল ফুলবাড়িয়া, ময়মনসিংহ মধুপুর, টাংগাইল	মে ৩১৪ মে ২১২ মাস/ভারিখ ৭/৫/২০২৫ ১৫/৫/২০২৫ ১০/৬/২০২৫ ১৫/৬/২০২৫	জুন ২৯৪ জুন ১৯২ পুরুষ ৬০ ৩৭ ৮	৩৬২ জুলাই ২২৪ মহিলা ৪০ ৪৩ ৪৬ ৪৮৬	৩৬১ আগস্ট ২০৭ মোট ১০০ ৮০ ১২ ১৫০

Vaccination Programme	•			
	May	June	July	August
Polio	607	270	694	1126
TT	188	162	140	174
BCG	214	237	189	235
Robela	387	330	366 707	307
Pantavalent	552 552	40		339 159
PCV FIPV	370	84	668 568	361
Patient Admitted in Hosp		04	300	301
Tuttent Hummeted in 1105p	May	June	July	August
	4298	4250	4929	4997
Out Patient			•	
	May	June	July	August
	44390	44276	57646	55214
Patient Death in Hospital		_		
	May	June	July	August
O	109	98	128	134
Operation (Surgery)	Mov	Inno	Today	Amount
Major	May 125	June 103	July 120	August 136
Semi Major	24	26	34	27
Minor	523	516	464	506
Orthopaedics	323	210	101	200
	May	June	July	August
Major	73	87	79	71
Semi Major	46	40	57	48
Minor	500	419	393	387
Cleft Lip, Cleft Palate				
	May	June	July	August
Major	12	0	11	7
ENT	3.6	T		.
24.	May	June	July	August
Major Minor	56 67	52 39	54 32	71 39
Gynae	07	39	32	39
Gynac	May	June	July	August
Major	71	45	65	64
Semi Major	2	56	54	52
Minor	73	0	0	1
Obstetrics				
	May	June	July	August
Major	250	228	246	265
Normal	106	111	120	173
Eye		_		
2.5	May	June	July	August
Major	168	166	323	289
Others	14	23	26	25
Dental	May	June	July	August
Major	76	64	82	65
	, 0	01		
Semi Major	103	145	166	124
Semi Major Minor	103 26	145 37	166 30	124 26
	26			
Minor Operation	26 May	37 June	30 July	26 August
Minor Operation Out Patient	26 May 628	37 June 695	30 July 805	26 August 700
Minor Operation	26 May 628 May	37 June 695 June	30 July 805 July	26 August 700 August
Minor Operation Out Patient ICU	26 May 628 May 43	37 June 695 June 36	30 July 805 July 58	26 August 700 August 56
Minor Operation Out Patient	26 May 628 May 43 May	37 June 695 June 36 June	30 July 805 July 58 July	26 August 700 August 56 August
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis	26 May 628 May 43 May 314	37 June 695 June 36 June 294	30 July 805 July 58 July 362	26 August 700 August 56 August 361
Minor Operation Out Patient ICU	26 May 628 May 43 May 314 May	37 June 695 June 36 June 294 June	30 July 805 July 58 July 362 July	26 August 700 August 56 August 361 August
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis	26 May 628 May 43 May 314	37 June 695 June 36 June 294	30 July 805 July 58 July 362	26 August 700 August 56 August 361
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp	26 May 628 May 43 May 314 May 212	37 June 695 June 36 June 294 June 192	30 July 805 July 58 July 362 July 224	26 August 700 August 56 August 361 August 207
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp Address	26 May 628 May 43 May 314 May	37 June 695 June 36 June 294 June	30 July 805 July 58 July 362 July	26 August 700 August 56 August 361 August
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp	May 628 May 43 May 314 May 212	37 June 695 June 36 June 294 June 192 Male	30 July 805 July 58 July 362 July 224 Female 40 43	26 August 700 August 56 August 361 August 207
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp Address Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh	26 May 628 May 43 May 314 May 212 Month/Date 7/5/2025 15/5/2025 10/6/2025	37 June 695 June 36 June 294 June 192 Male 60 37 8	30 July 805 July 58 July 362 July 224 Female 40 43 4	26 August 700 August 56 August 361 August 207 Total 100 80 12
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp Address Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh Modhupur, Tangail	26 May 628 May 43 May 314 May 212 Month/Date 7/5/2025 15/6/2025 15/6/2025	37 June 695 June 36 June 294 June 192 Male 60 37 8 64	30 July 805 July 58 July 362 July 224 Female 40 43 4 86	26 August 700 August 56 August 361 August 207 Total 100 80 12 150
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp Address Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh	26 May 628 May 43 May 314 May 212 Month/Date 7/5/2025 15/5/2025 15/6/2025 7/7/2025	37 June 695 June 36 June 294 June 192 Male 60 37 8 64 117	30 July 805 July 58 July 362 July 224 Female 40 43 4 86 85	26 August 700 August 56 August 361 August 207 Total 100 80 12 150 202
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp Address Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh Modhupur, Tangail	26 May 628 May 43 May 314 May 212 Month/Date 7/5/2025 15/6/2025 15/6/2025 15/7/2025	37 June 695 June 36 June 294 June 192 Male 60 37 8 64 117 80	30 July 805 July 58 July 362 July 224 Female 40 43 4 86 85 70	26 August 700 August 56 August 361 August 207 Total 100 80 12 150 202
Minor Minor Operation Out Patient ICU Kidney Dialysis NICU Eye Camp Address Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh Modhupur, Tangail Fulbaria, Mymensingh	26 May 628 May 43 May 314 May 212 Month/Date 7/5/2025 15/5/2025 15/6/2025 7/7/2025	37 June 695 June 36 June 294 June 192 Male 60 37 8 64 117	30 July 805 July 58 July 362 July 224 Female 40 43 4 86 85	26 August 700 August 56 August 361 August 207 Total 100 80 12 150 202

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, $Narayanganj, Bangladesh.\ Tel: +8802224427177, +880222427188, +8802224427189, +8802224427168$ E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website: www.kumudini.org.bd